



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
মনিটরিং-২ শাখা
www.lgd.gov.bd



স্মারক নম্বর: -৪৬.০০.০০০০.০৯৮.১৬.০০২.২০২৩-১৪৫

তারিখ: ২০ ভাদ্র ১৪৩০

০৪ সেপ্টেম্বর ২০২৩

বিষয়: গত ২০২১-২২ ও ২০২২-২৩ অর্থ বছরে এডিপি'র অর্থ দ্বারা প্রকল্প গ্রহণ ও বাস্তবায়ন না করার বিষয়ে তথ্যাদি প্রেরণ।

সূত্র: জেলা প্রশাসকের কার্যালয়, যশোর এর স্মারক নং-৪৮৪, তারিখ: ০১/০৮/২০২৩খিঃ

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত স্মারকের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, নওয়াপাড়া পৌরসভা একটি 'ক' শ্রেণীর পৌরসভা। পৌরসভায় গত ২০২১-২২ ও ২০২২-২৩ অর্থ বছরে প্রাপ্ত এডিপি'র অর্থ দ্বারা প্রকল্প গ্রহণ ও বাস্তবায়ন করা হয়নি এবং অর্থ বছর শেষে ৩০/০৬/২০২৩ খিঃ তারিখে (সোনালী ব্যাংক, নওয়াপাড়া শাখা হিসাব নং-২৩২৪১১০০০০০৮৪) ১,৩৩,৩২,৪৫০/১১ টাকা জমা রয়েছে মর্মে জানা যায়। এডিপি'র অর্থ দ্বারা উন্নয়ন প্রকল্প গ্রহণ না করার বিষয়ে কোন যৌক্তিক কারণ উল্লেখ করা হয়নি।

এমতাবস্থায়, নওয়াপাড়া পৌরসভার গত ২০২১-২২ ও ২০২২-২৩ অর্থ বছরে প্রাপ্ত এডিপি'র অর্থ দ্বারা উন্নয়ন প্রকল্প গ্রহণ ও বাস্তবায়ন না করার বিষয়ে পৌর কর্তৃপক্ষের সুস্পষ্ট জবাব/বক্তব্য (প্রমাণকসহ) পত্র প্রাপ্তির ১৫ (পনের) কার্যদিবসের মধ্যে এ বিভাগকে অবহিতকরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

৪-৯-২০২৩

মোঃ শাহজালাল

সহকারী সচিব

ফোন: ০২-৫৫১০১৩০৯

মেয়র, নওয়াপাড়া পৌরসভা, যশোর।

ইমেইল: monitoring2lgd@gmail.com

স্মারক নম্বর: -৪৬.০০.০০০০.০৯৮.১৬.০০২.২০২৩-১৪৫ /১(৭)

তারিখ: ২০ ভাদ্র ১৪৩০

০৪ সেপ্টেম্বর ২০২৩

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) পরিচালক, স্থানীয় সরকার, খুলনা বিভাগ, খুলনা।
- ২) জেলা প্রশাসক, যশোর।
- ৩) উপপরিচালক, স্থানীয় সরকার, যশোর (বিষয়টি ফলোআপ করার অনুরোধসহ)।
- ৪) সচিবের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ।
- ৫) প্রোগ্রামার, আইসিটি সেল, স্থানীয় সরকার বিভাগ।
- ৬) মহাপরিচালক (মইই উইং) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, স্থানীয় সরকার বিভাগ।
- ৭) যুগ্মসচিব (মওমু) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, স্থানীয় সরকার বিভাগ।

৪-৯-২০২৩

মোঃ শাহজালাল
সহকারী সচিব